নাগরিকদের ব্যক্তিগত তথ্য জানতে চীনে অ্যাপ

নাগরিকদের ব্যক্তিগত তথ্য জানতে মোবাইল অ্যাপের মাধ্যমে আড়ি পাততে শুরু করেছে চীনা কমিউনিস্ট পার্টি (সিপিসি)। সরকারি কাজের একটি প্রচারমূলক অ্যাপের মাধ্যমে এ কাজ করা হচ্ছে। এরই মধ্যে ১০ কোটি সেলফোন গ্রাহকের যাবতীয় ব্যক্তিগত এই অ্যাপের মাধ্যমে হাতিয়ে নেওয়া অভিযোগ ওঠেছে।

চীনে সরকারি কাজ, পরিষেবার প্রচারমূলক মেসেজ অ্যাপের মাধ্যমে দেশের নাগরিকদের সেলফোনে পাঠানো হচ্ছে। আর সম্ভবত সেই অ্যাপের মাধ্যমেই চীনের সেলফোন গ্রাহকদের যাবতীয় ব্যক্তিগত তথ্য ও গতিবিধির উপর গোপনে নজরদারি চালাচ্ছে বেইজিং।

সেলফোন গ্রাহকদের যাবতীয় ব্যক্তিগত তথ্য, তাদের সঙ্গে যাদের মেসেজ ও ফটো চালাচালি হয়, তাদেরও সব তথ্য ও ইন্টারনেটে তারা কাকে কাকে ‘মেইল’ পাঠাচ্ছেন, ‘ব্রাউজ’ করে কাকে কাকে বা কী কী খুঁজছেন, তার সব খুঁটিনাটি চিনা কমিউনিস্ট পার্টি জেনে যাচ্ছে প্রচারমূলক অ্যাপের সেই কোডের মাধ্যমেই। এমনকি, কোনও সেলফোনের অডিও রেকর্ডারটিকেও গোপনে চালু করে দিতে পারে কোডটি।

এ ব্যাপারে গবেষণা চালিয়েছে যে সংস্থাটি তার নাম- ‘ওপেন টেকনোলজি ফান্ড’। মার্কিন প্রশাসনের অর্থায়নে চলা সেই সংস্থাটি রয়েছে ‘রেডিও ফ্রি এশিয়া’র অধীনে। সংস্থার প্রযুক্তি বিভাগের অধিকর্তা সারা আউন বলেছেন, ‘‘চিনা কমিউনিস্ট পার্টি এইভাবে কম করে দেশের ১০ কোটি সেলফোন গ্রাহকদের উপর নজরদারি চালাচ্ছে। নাগরিকদের প্রাত্যহিক জীবনের উপর সেই গোপন নজরদারি উত্তরোত্তর বেড়েই চলেছে।’

এ বছরের জানুয়ারিতেই চীনা কমিউনিস্ট পার্টি অ্যাপটি চালু করেছিল। তার নাম-‘স্টাডি দ্য গ্রেট নেশন’। চীনা ভাষায় ‘স্টাডি’কে বলা হয় ‘শুয়েক্সি’। যা চিনা প্রেসিডেন্ট শি চিনফিং-এর পারিবারিক নাম। তাই ইংরেজি শব্দটাই ব্যবহার করা হয়েছে।

মূলত চীনা প্রেসিডেন্ট শি চিনপিং-এর বিভিন্ন কাজকর্ম ও মতাদর্শ নিয়েই বিভিন্ন রকমের খবর ও ভিডিও সেলফোন গ্রাহকদের পাঠানো হয় সেই প্রচারমূলক অ্যাপটির মাধ্যমে। বিভিন্ন নিবন্ধ পড়ে মতামত

দেওয়ার জন্য সেই অ্যাপের পাঠকদের পুরস্কৃতও করা হয়। সেই অ্যাপ ডাউনলোড করা যায় ‘অ্যাপল’, ‘অ্যান্ড্রয়েড’, সব ধরনের স্মার্টফোনেই। সূত্র: আনন্দবাজার।